## ♣ উত্তরপত্র

১৩ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-(স্কুল পর্যায়)

**Total questions : 100 Total marks : 100**

---

1) The antonym of the word 'unique' is-

1) popular
✔ 2) common
3) deciduous
4) distinctive

**ব্যাখ্যা :** The synonyms of the word 'unique' is different, exclusive, particular, rare. The antonym of the word 'unique' is common, ordinary, usual, normal.

2) ‘মহিমা’ শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

1) মহিম+মা
✔ 2) মহৎ+ইমন
3) মহা+ইমা
4) মহি+মা

**ব্যাখ্যা :** মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় 'মহৎ + ইমন' । এটি সংস্কৃত 'ইমন' তদ্ধিত প্রত্যয় দ্বারা গঠিত শব্দ এরূপ - নীলিমা (নীল + ইমন) , রক্তিমা (রক্ত + ইমন) ,দ্রাঘিমা (দীর্ঘ + ইমন) । বর্তমানে 'ইমন' প্রত্যয়কে 'ইমা' প্রত্যয়ে ও লেখা হয় । যেমন : নীল + ইমা = নীলিমা।

3) আলালী বা হুতোমি ভাষা বলা হয় কোনটিকে?

✔ 1) চলিত ভাষা
2) সংস্কৃত ভাষা
3) সাধু ভাষা
4) দেশী ভাষা

**ব্যাখ্যা :** আলালি ও হুতোমি ভাষা বলা হয় 'চলিত ' ভাষাকে । বাংলা চলিত ভাষায় লেখা প্যারীচাঁদ মিত্রের (টেকচাঁদ ঠাকুর ) 'আলালের ঘরের দুলাল' উপন্যাসটি (১৮৫৮) । এ থেকে 'আলালি ভাষা' প্রচলিত হয়। আবার কালীপ্রসন্ন সিংহ একই ভাষা রীতিতে রচনা করনে 'হুতোম প্যাঁচার নকশা' উপন্যাসটি (১৮৬২) । এ থেকে 'হুতোমি ভাষা' প্রচলিত হয়।

4) কোন বানানটি শুদ্ধ?

1) দেস
✔ 2) পোশাক
3) স্বাশ্বত

Hello BCS

4) সকল্প

**ব্যাখ্যা :** মাষ্টার - এর শুদ্ধ বানান 'মাস্টার' , জিনিষ ' এর শুদ্ধ বানান 'জিনিস' । 'পোষ্ট অফিস' - এর শুদ্ধ বানান 'পোস্ট অফিস'। উল্লিখিত শব্দগুলো বিদেশি শব্দ । বিদেশি শব্দের বানানে 'ষ' বসে না।

5) Edition শব্দের অর্থ-

1) সম্পাদক
2) সম্পাদকীয়
✔ 3) সংস্করণ
4) অনুসন্ধান

**ব্যাখ্যা :** Edition শব্দের অর্থ একটি প্রকাশিত পাঠ্যের একটি নির্দিষ্ট ফর্ম বা সংস্করণ। একটি সময়ে জারি করা একটি বই, সংবাদপত্র বা অন্যান্য প্রকাশিত সামগ্রীর মোট কপি।

6) নিরাপদ মাতৃত্ব দিবস কবে?

1) ২৫ মে
✔ 2) ২৮ মে
3) ২৭ মে
4) ২৬ মে

**ব্যাখ্যা :** ২৮ মে মাতৃ দিবস হল একটি সম্মান প্রদর্শন জনক অনুষ্ঠান যা মায়ের সম্মানে এবং মাতৃত্ব, মাতৃক ঋণপত্র, এবং সমাজে মায়েদের প্রভাবের জন্য উদযাপন করা হয়। এটি বিশ্বের অনেক অঞ্চলে বিভিন্ন দিনে, সাধারণত মার্চ, এপ্রিল বা মে উদযাপন করা হয়।

7) $\text{Log}_{2\sqrt{5}} 20$ এর মান –

1) 4
✔ 2) 2
3) -2
4) √5

**ব্যাখ্যা :**

8) Do you find your payment too little? (make it passive)

1) Is your payment found too little by you?
✔ 2) Is your payment found too little to you?
3) Does your payment find too little by you?
4) Did your payment find too little by you?

Hello BCS

**ব্যাখ্যা :** Present Indefinite tense এর Voice change এর ক্ষেত্রে auxiliary verb হিসেবে subject অনুযায়ী am/is/are ব্যবহৃত হয়। তাছাড়া এখানে little এর পরে preposition হিসেবে to বসবে। [তথ্যসূত্রঃ English For Competitive Exams by Md. Fazlul Haque]

9) বাংলাদেশ নদী গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?

1) সিরাজগঞ্জে
2) নেত্রকোনায়
✔ 3) ফরিদপুর
4) বরিশালে

**ব্যাখ্যা :** নদী গবেষণা ইনস্টিটিউট (আরআরআই বা বাংলায় নগই) হল বাংলাদেশের একটি গবেষণা প্রতিষ্ঠান যা প্রধানত বাংলাদেশের বন্যা নিয়ন্ত্রণ, নদীর নাব্যতারক্ষা ও পাললিকীকরণ, সেচব্যবস্থা এবং নদীর তীর সংরক্ষণ কাজে জরিপ পরিচালনা ও ব্যবস্থা গ্রহণের কাজ করে থাকে এবং এটি ফরিদপুরে অবস্থিত।

10) Three-fourths of the work __ finished.

1) have been
✔ 2) has been
3) are
4) is

**ব্যাখ্যা :** Work হলো uncountable noun.তাই এর অংশও গণনা করা যায় না। এজন্য verb হিসেবে singular has been সঠিক.

Hello BCS

11) $8^{2x+3} = 2^{3x+6}$ হলে, x এর মান –

✔ 1) -1
2) -3
3) 0
4) 4

**ব্যাখ্যা :** $8^{2x+3} = 2^{3x+6}$
or, $2^{3^{2x+3}} = 2^{3x+6}$
or, 3(2x+3)=3x+6
or, 6x-3x=6-9
or, 3x= -3
or, x= -1

12) ১৫ জন লোক একটি কাজ ২০ দিনে করলে, ঐ কাজটি ১ দিনে করতে লোক লাগবে –

1) ২০০ জন
✔ 2) ৩০০ জন

3) ১৫০ জন
4) ১০০ জন

**ব্যাখ্যা :** কাজটি ২০ দিনে করে = ১৫ জন লোক
∴কাজটি ১ দিনে করে = (২০×১৫) জন লোক
= ৩০০ জন লোক

13) মানব শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

1) মনু+অব
2) মান+অব
✔ 3) মনু+ষ্ণ
4) মা+নব

**ব্যাখ্যা :** 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় 'মনু + ষ্ণ' । এটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়।এরুপ - যাদব (যদু + ষ্ণ) , শৈশব (শিশু + ষ্ণ) , কৈশোর (কিশোর + ষ্ণ) ।

14) সিংহপুরুষ কোন সমাস?

✔ 1) উপমিত কর্মধারয়
2) অব্যয়ীভাব
3) উপপদ তৎপুরুষ
4) উপমান কর্মধারয়

**ব্যাখ্যা :** 'সিংহপুরুষ ' উপমিত কর্মধারয় সমাস। এর ব্যাসবাক্য - পুরুষ সিংহের ন্যায় । এরুপ - চন্দ্রমুখ, বাহুলতা , করকমল, চাঁদমুখ। উপমিত কর্মধারয় সমাস হলো - উপমান ও উপমেয় পদের সমাস।

Hello BCS

15) The shirt is ___.

1) after one's taste
2) according my test
✔ 3) after my taste
4) before my taste

**ব্যাখ্যা :** The shirt is after my taste - জামাটি আমার পছন্দ সই বা প্রিয়।

16) ইনসুলিন কে আবিষ্কার করেন?

1) কেরিয়ার
2) ডিসকাস
✔ 3) বেন্টিং
4) লি ডি ফরেস্ট

**ব্যাখ্যা :** ফ্রেডরিক গ্র্যান্ট ব্যানটিং (১৪ নভেম্বর, ১৮৯১ - ২১ ফেব্রুয়ারি, ১৯৪১) একজন কানাডীয় চিকিৎসক, চিকিৎসাবিজ্ঞানী এবং ইনসুলিন এর সহ-আবিষ্কারক। তিনি বিজ্ঞানী চার্লস বেস্টের সঙ্গে একত্রে ১৯২২ সালের এ ইনসুলিন আবিষ্কার করেছিলেন।

17) কোন বানানটি শুদ্ধ?

1) বীভিষিকা
2) বিভিষীকা
✔ 3) বিভীষিকা
4) বীভিষীকা

**ব্যাখ্যা :** বিভীষিকা শব্দের অর্থ - ভয়জনক দৃশ্য, ভয় প্রদর্শন, ভীষণ ভয় ইত্যাদি। প্রদত্ত শব্দটি একটি বিশেষ্য পদ।

18) 'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

1) চতু+পদ
2) চতুর+পদ
✔ 3) চতু :+পদ
4) চতুষ+পদ

**ব্যাখ্যা :** 'চুতুষ্পদ' শব্দের সন্ধি - বিচ্ছেদ 'চতুঃ + পদ ' । এটি বিসর্গ সন্ধির নমুনা । এরুপ - ভ্রাতুষ্পুত্র ।

19) সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য $2\sqrt{3}$ একক হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল –

✔ 1) $3\sqrt{3}$ বর্গ একক
2) 3 বর্গ একক
3) $3\sqrt{3}/4$ বর্গ একক
4) 9 বর্গ একক

**ব্যাখ্যা :** সমবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল
$=\sqrt{3}/4\ (2\sqrt{3})^2$ বর্গ একক
$=\sqrt{3}/4\ (4\times3)$
$=3\sqrt{3}$ বর্গএকক।

20) দহরম মহরমের বিপরীত বাগধারা কোনটি?

1) বসন্তের কোকিল
2) জিলাপির প্যাঁচ
3) দুধের মাছি
✔ 4) অহিনকুল

**ব্যাখ্যা :** 'দহরম মহরম - এর বিপরীত বাগধারা 'অহিনকুল'। দহরম মহরম অর্থ মাখামাখি 'বন্ধুত্ব'। দুধের মাছির অর্থ সুসময়ের বন্ধু। বসন্তের কোকিল অর্থ ও সুসময়ের বন্ধু।

Hello BCS

21) The suffering of the poor man ___.

1) beggar description
2) out of description
✔ 3) beggars description
4) beyond description

**ব্যাখ্যা :** Beggar description - অর্থ বর্ণনাতীত । এখানে beggar শব্দটি মূল Verb হিসেবে ব্যবহৃত হয়েছে এবং subject হচ্ছে The suffering যা 3rd person singular number । সুতরাং beggar - এর সাথে s/es যোগ হয়েছে।

22) মহাকর্ষীয় তরঙ্গের আবিস্কারক দীপঙ্কর তালুকদারের নিজ জেলা কোনটি ?

1) বাগেরহাট
2) ঢাকা
3) বগুড়া
✔ 4) বরগুনা

**ব্যাখ্যা :** মহাকর্ষীয় তরঙ্গ আবিষ্কার গবেষণার বিশ্বের এক হাজার বিজ্ঞানী নিয়োজিত ছিলেন। এ বিজ্ঞানী দলে ছিলেন দুজন বাংলাদেশিও । তারা হলেন - ড. দীপঙ্কর তালুকদার ও সেলিম শাহরিয়ার । ড. দীপঙ্কর তালুকদার ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের সাবেক ছাত্র। তিনি ১৯৭৭ সালে বরগুনাতে জন্মগ্রহণ করেন।

Hello BCS

23) বাংলাদেশের কোন মসজিদকে ইউনেস্কো ঐতিহ্যবাহী স্থান ঘোষণা করে

1) লালবাগ মসজিদ
✔ 2) ষাট গম্বুজ মসজিদ
3) তারা মসজিদ
4) সোনা মসজিদ

**ব্যাখ্যা :** ষাটগম্বুজ মসজিদ বাগেরহাটে অবস্থিত। ১৯৮৫ সালে জাতিসংঘ শিক্ষা বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা (UNESCO) ষাটগম্বুজ মসজিদকে ৩২১ তম বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে।

24) রাত্রি শব্দের সমার্থক নয় কোনটি?

✔ 1) ভানু
2) ক্ষণদা
3) শর্বরী
4) ত্রিযামা

**ব্যাখ্যা :** 'রাত্রী শব্দের সমার্থ শব্দ নয় ভানু। 'রাত্রী' শব্দের সমার্থক শব্দ হলো রাত, শর্বরী , ত্রিযাত্রা ,ক্ষণদা । ভানু শব্দের সমার্থক বা প্রতিশব্দ হলো সূর্য , কিরণ , রবি।

25) প্রথম দশটি স্বাভাবিক সংখ্যার গড় –

1) ৫
2) ৫৫.৫০
✔ 3) ৫.৫০
4) ১০

**ব্যাখ্যা :** প্রথম দশটি স্বাভাবিক সংখ্যার গড়= (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০)/১০ =৫৫/১০ =৫.৫০

26) What is the meaning of 'prior to' ___?

1) beside
✔ 2) before
3) after
4) on

**ব্যাখ্যা :** prior to=পূর্বে before =পূর্বে

27) a = 2b = 3c এবং abc = 36 হলে, c এর মান –

1) 2√2
2) √2
3) ∛2
✔ 4) 2

**ব্যাখ্যা :** a = 2b = 3c
Now,
a=3c
b=3/2c
so, 3c*3/2c*c=36
=> $9c^3$=36*2
=>$c^3$=8
=>c=2

28) x+y = 3, x-y = 1 হলে, 4xy এর মান –

1) 2
✔ 2) 8
3) -8
4) 4

**ব্যাখ্যা :** আমরা জানি,
xy= $((x+y)/2)^2-((x-y)/2)^2$

Hello BCS

$=(3/2)^2-(1/2)^2$
$= 9/4-1/4$
$=8/4$
$=2$ Now, $4xy= 4*2=8$

29) 'I wish I had seen you before' (make it exclamatory)

1) Oh! I seen you before
✔ 2) Had I seen you before!
3) If I seen you before!
4) Wow! I had seen you before.

**ব্যাখ্যা :** Assertive sentence এ wish থাকলে Exclamatory করার সময় শুরুতে If / Had বসে এবং পরবর্তীতে assertive sentence এর Tense অনুসারে exclamatory sentence গঠিত হয়।

30) পূর্বে ছিল এখন নেই-বাক্য সংকোচন কোনটি?

1) অভূতপূর্ব
✔ 2) ভূতপূর্ব
3) ভীত পূর্ব
4) অতীত

**ব্যাখ্যা :** 'পূর্বে ছিল এখন নেই' - ভূতপূর্ব - । পূর্বে যা ঘটেনি - অভূপূর্ব । বিগত হয়েছে যে কাল - অতীত। যে কাল এখনও চলছে - বর্তমান ।

Hello BCS

31) বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল বৃদ্ধি পাবে –

1) ১৬
2) ১২
3) ৪
✔ 4) ৯

**ব্যাখ্যা :** ধরি , বৃত্তের ব্যাস d
বৃত্তের ক্ষেত্রফল = d2 /৮
বৃদ্ধির পর বৃত্তের ব্যাস = ৩d
" " ক্ষেত্রফল = (৩d)2 /৮ = ৯d2 /৮
ক্ষেত্রফল বৃদ্ধি পাবে = (৯d2 /৮)/(d2 /৮) বা ৯ গুণ ।

32) ‘কেতা দুরস্ত’ বাগধারার অর্থ কী?

1) অলস
✔ 2) পরিপাটি
3) দীর্ঘজীবী

4) পরিশ্রমী

**ব্যাখ্যা :** কেতাদুরস্ত বাগধারাটি অর্থ হলো - - পরিপাটি। অকালে পেকেছে যে - অকালপক্ব।

33) ‘সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?

1) রূপতত্ত্বে
✔ 2) ধ্বনিতত্ত্বে
3) বাক্যতত্ত্বে
4) অর্থতত্ত্বে

**ব্যাখ্যা :** সন্ধি' ব্যাকরণের ধ্বনিতত্ত্বে আলোচিত হয়। ব্যাকরণের আলোচ্য বিষয় অন্তত চারটি ভাগে বিভক্ত হয়। যথা –
ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব,বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব।

34) দুইটি সংখ্যার ল.সা.গু a এবং গ.সা.গু b । একটি সংখ্যা c হলে, অপরটি

1) Ab
2) ac/b
✔ 3) ab/c
4) bc

**ব্যাখ্যা :** অপর সংখ্যাটি= (লসাগু*গসাগু)/একটি সংখ্যা

Hello BCS

35) Autonomous শব্দের অর্থ?

1) সংশোধিত
2) স্বাক্ষর
3) সত্যায়িত
✔ 4) স্বায়ত্তশাসিত

**ব্যাখ্যা :** 'Autonomous' শব্দের অর্থ 'স্বায়ত্তশাসিত' । স্বাক্ষর অর্থ দস্তখত। সত্যায়িত অর্থ সত্য বলে প্রমাণ করা । সংশোধিত অর্থ সংশোধন করা হয়েছে এমন।

36) কলমটি তার-

1) The pen is his
2) He belongs to the pen
✔ 3) He is the owner of the pen.
4) The pen is mine

**ব্যাখ্যা :** He is the owner of the pen - সে কলমটির মালিক / কলমটি তার।

37) Man has no escape ___ death.

1) by
2) in
3) before
✔ 4) from

**ব্যাখ্যা :** Escape শব্দটির পরে Prepositon হিসেবে সর্বদা From বসে এবং সেক্ষেত্রে এর অর্থ দাড়ায় পালিয়ে যাওয়া / মুক্তি পাওয়া / এড়িয়ে যাওয়া ।

38) There is little milk in the glass. (Interrogative)

1) Isn't there little milk in the glass?
2) Is there little milk in the glass?
✔ 3) Isn't there any milk in the glass?
4) Is there any milk in the glass?

**ব্যাখ্যা :** প্রদত্ত বাক্য 'little ' শব্দটি Negative অর্থ প্রদান করে। তাই interrogative sentence টি positive হবে। সঠিক উত্তর (গ)।

39) একটি ত্রিভুজের কোণগুলির অনুপাত ২ : ৩ : ৫। এর বৃহত্তম কোণটি –

1) 36°
2) 18°
3) 54°
✔ 4) 90°

**ব্যাখ্যা :** একটি ত্রিভুজের কোণগুলির অনুপাত ২ঃ৩ঃ৫ হলে বৃহত্তম কোণটি হবে =১৮০ এর (৫÷১০) =৯০ডিগ্রি।

40) ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয় কত সালের কত তারিখে?

1) ১৬ই নভেম্বর ১৯৯৮
2) ১৭ই নভেম্বর ১৯৯৮
✔ 3) ১৭ই নভেম্বর ১৯৯৯
4) ১৬ই নভেম্বর ১৯৯৯

**ব্যাখ্যা :** বাঙালি জাতির ১৯৫২ সালের আত্মত্যাগের দীর্ঘ ৪৭ বছর পর ১৯৯৯ সালের ১৭ নভেম্বর UNESCO ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে।

41) ‘ডাক্তার ডাক’-কোন কারকে কোন বিভক্তি?

1) করণ কারকে শূন্য বিভক্তি
2) কর্তৃকারকে শূন্য বিভক্তি

Hello BCS

3) কর্তৃকারকে ষষ্ঠী বিভক্তি
✔ 4) কর্ম কারকে শূন্য বিভক্তি

**ব্যাখ্যা :** যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন হয় তা কর্মকারক। যেমন : ডাক্তার ডাক। আর ডাক্তার এর সাথে কোনো বিভক্তি না থাকায় শূন্য বিভক্তি। তাই উত্তর কর্মে শূন্য বিভক্তি।

42) বাংলাদেশ কমনওয়েলথ এর কত তম সদস্য রাষ্ট্র?

✔ 1) ৩২ তম
2) ৩১তম
3) ৩০ তম
4) ১১তম

**ব্যাখ্যা :** স্বাধীনতার পর আন্তর্জাতিক সংস্থ্যা হিসেবে বাংলাদেশ সর্বপ্রথম কমনওয়েলথের সদস্যপথ লাভ করে। বাংলাদেশ বিট্রিশ কমনওয়েলথ এর সদস্য পদ লাভ করে ১৯৭২ এর ১৮ এপ্রিল।বাংলাদেশ কমনওয়েলথের ৩২ তম সদস্য দেশ।

43) লাল গ্রহ কাকে বলা হয়?

1) প্লুটো
✔ 2) মঙ্গল
3) শুক্র
4) ইউরেনাস

**ব্যাখ্যা :** মঙ্গলকে সাধারণত "লাল গ্রহ" বলা হয় কারণ আকাশে লাল বা কমলা রঙের হয়ে দৃশ্যমান হয় বলে। এমনকি এর লালচে রঙ খালি চোখে স্পষ্ট দেখা যায়।

Hello BCS

44) We felt very tired. The word 'tired' used in the sentence is ___.

✔ 1) adjective
2) noun
3) none
4) verb

**ব্যাখ্যা :** এ বাক্যে we - subject, felt - linking verb, Very - adverb এবং tired - adjective।

45) Education for all people ___ a mammoth task.

1) have
✔ 2) is
3) be
4) are

**ব্যাখ্যা :** বাক্যে সর্বদা Subject - এর Number ও Person অনুসারে Verb নির্ধারিত হয় । বাক্যে Subject - এর headword হচ্ছে ' Educating ' যা third person singular number । তাই verb হবে is ।

46) HTML এর পূর্ণরুপ কি?

✔ 1) HYPER TEXT Mark Up Language
2) HYPER TYPE Mark Up Language
3) HYPER TEXT Mark Up Line
4) High TEXT Mark Up Languag

**ব্যাখ্যা :** HTML stands for Hyper Text Markup Language
HTML is the standard markup language for creating Web pages
HTML describes the structure of a Web page
HTML consists of a series of elements
HTML elements tell the browser how to display the content

47) বিশ্বের সর্বাধিক ব্যবহৃত ভাষার মধ্যে বাংলার অবস্থান কত তম

1) ষষ্ঠ
2) পঞ্চম
✔ 3) সপ্তম
4) নবম

**ব্যাখ্যা :** বিশ্বের সর্বাধিক ব্যবহৃত ভাষার মধ্যে বাংলার অবস্থান সপ্তম। প্রথম- চৈনিক ভাষা, দ্বিতীয়-স্পেনীয় ভাষা, তৃতীয়- ইংরেজি ভাষা, চতুর্থ- আরবি ভাষা, পঞ্চম- হিন্দি ভাষা, ষষ্ঠ- পর্তুগিজ ভাষা, সপ্তম- বাংলা ভাষা।

48) সুইফট কোডের সংখ্যা কত?

1) ১২
✔ 2) ৮
3) ৬
4) ১০

**ব্যাখ্যা :** ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত ব্রাসেলসভিত্তিক আন্ত :ব্যাংক আর্থিক লেনদেনের নেটওয়ার্ক SWIFT। নিরাপদ ও দ্রুত আন্তব্যাংক লেনদেনের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানে এটি একটি বার্তা সেবাদানকারী মাধ্যম। SWIFT-এর পূর্ণরুপ - Society for Worldwide Inter bank Financial Telecommunication । SWIFT কোড ৮ অথবা ১১ ডিজিট নিয়ে গঠিত ।

49) The old man can not help __ a cup of tea.

✔ 1) having
2) to drink

Hello BCS

3) take
4) drink

**ব্যাখ্যা :** Cannot help - এর পরে verb - এর সাথে ing যুক্ত হয়।

50) সিস্মগ্রাফ কি?

1) পানি প্রবাহ মাপার যন্ত্র
2) বৃষ্টি মাপার যন্ত্র
✔ 3) ভূমিকম্প মাপার যন্ত্র
4) বায়ু মাপার যন্ত্র

**ব্যাখ্যা :** ভূমিকম্প মাপক/ নির্ণায়ক যন্ত্র সিসমোগ্রাফ এবং ভূমিকম্প পরিমাপক যন্ত্র সিসমোমিটার। বৃষ্টি পরিমাপক যন্ত্র রেইনগেজ।

51) একটি লেবু ৪ টাকায় কিনে ৫ টাকায় বিক্রয় করলে লাভ -

✔ 1) ২৫%
2) ১০%
3) ২০%
4) ৫%

**ব্যাখ্যা :** ৪ টাকায় লাভ হয় ১ টাকা
১০০ টাকায় লাভ (১০০/৪)= ২৫ টাকা

Hello BCS

52) নিচের কোন ভগ্নাংশটি ২/৩ থেকে ছোট ?

1) ৭/৮
2) ৩/৪
3) ৫/৬
✔ 4) ৩/৫

**ব্যাখ্যা :** এখানে, ৩/৫ এর মান সবচেয়ে কম।

53) ১০০ টাকা ৫ বছরের সুদে-আসলে ২০০ টাকা হলে, সুদের হার –

✔ 1) ২০%
2) ৫%
3) ১০%
4) ২৫%

**ব্যাখ্যা :** সুদ = ২০০ - ১০০ = ১০০ টাকা
∴ সুদের হার r = (I*১০০)/pn %

54) ছয়টি ক্রমিক পুর্ণসংখ্যার প্রথম তিনটির যোগফল ২৭ হলে, শেষ তিনটির যোগফল –

✔ 1) ৩৬
2) ৩২
3) ৩৫
4) ৩০

**ব্যাখ্যা :** ধরি, সংখ্যাগুলা x - ২, x - ১, x,x + ১ , x + ২ , x + ৩
শর্তমতে, x - ২ + x - ১ + x = ২৭
⇒৩x=৩০
x=১০
∴ শেষ তিনটি যোগফল = ৩x + ৬ = ৩×১০ + ৬ = ৩৬

55) এপিকালচার বলতে কি বোঝায়?

✔ 1) মৌমাছি চাষ
2) পাখিপালন বিদ্যা
3) মাশরুম চাষ
4) রেশম চাষ

**ব্যাখ্যা :** মৎস্য চাষ বিষয়ক বিদ্যা পিসিকালচার। রেশম চাষ বিষয়ক বিদ্যা সেরিকালচার । মৌমাছি পালন সম্পর্কিত বিদ্যা এপিকালচার।

Hello BCS

56) কোন জেলাকে শস্যভান্ডার বলা হয়?

1) দিনাজপুর
2) কুষ্টিয়া
✔ 3) বরিশাল
4) যশোর

**ব্যাখ্যা :** বরিশাল' জেলাকে বলা হয় শস্যভান্ডার ও বাংলার ভেনিস। 'আলু ও ভুট্টা' উৎপাদনে বর্তমান শীর্ষ জেলা রংপুর। 'ধান ও মাছ ' উৎপাদনে শীর্ষ জেলা ময়মনসিংহ। 'তুলা উৎপাদনে শীর্ষ জেলা যশোর।

57) সমকোণী ত্রিভুজের অপর কোণদ্বয় –

1) 95°, 85°
2) 65°, 30°
✔ 3) 55°, 35°
4) 45°, 5°

**ব্যাখ্যা :** সমকোণী ত্রিভুজের অপর কোণদ্বয়ের সমষ্টি ৯০ ডিগ্রি
এখানে, ৫৫ ডিগ্রি + ৩৫ ডিগ্রি

= ৯০ ডিগ্রি
∴ অপর কোণদ্বয় ৫৫ ডিগ্রি, ৩৫ ডিগ্রি।

58) বিনয় মহত্বের ভূষন।

1) Modesty are embellishment of greatness.
2) Modesty is an embellishment on greatness.
3) Modesty is embellishment to greatness.
✔ 4) Modesty is an embellishment of greatness.

**ব্যাখ্যা :** Modesty - বিনয় ; embellishment - ভূষণ এবং greatness - মহত্ব । Subject (modesty) third person singular number হওয়ায় verb হবে ' is ' এখানে ' of' হবে appropriate preposition ।

59) গারো পাহাড় কোন জেলায় অবস্থিত?

1) কুমিল্লা
2) মৌলভীবাজার
3) বান্দরবান
✔ 4) ময়মনসিংহ

**ব্যাখ্যা :** ভারতের আসাম রাজ্য এবং বাংলাদেশের ময়মনসিংহ,নেত্রকোনা ,কিশোরগঞ্জ, শেরপুর ও জামালপুর জুড়ে গারো পাহাড় বিস্তৃত। গারো পাহাড় বাংলাদেশের সবচেয়ে উঁচু পাহাড়। এ পাহাড়ের উচ্চতা ২,০৫০ ফুট।

Hello BCS

60) Besides going to the book fair, I bought a number of books. (compound)

1) I not only went to the book fair also bought a number of books.
2) Going to the fair, I bought a number of books.
✔ 3) I went to the book fair and bought a number of books.
4) I bought a number of books When I went to the book fair.

**ব্যাখ্যা :** Compound sentence সাধারণত and, or , but ইত্যাদি Conjunction দ্বারা যুক্ত থাকে এবং উভয় পাশে দুটি Principle clause থাকে।

61) যে উপকারীর অপকার করে?

1) কৃতজ্ঞ
2) অকৃতঘ্ন
3) অকৃতজ্ঞ
✔ 4) কৃতঘ্ন

**ব্যাখ্যা :** উপকারীরর উপকার স্বীকার করে যে - কৃতজ্ঞ উপকারীর উপকার স্বীকার করে না যে - অকৃতজ্ঞ উপকারীর অপকার করে যে - কৃতঘ্ন

62) এক নটিক্যাল মাইল সমান –

1) ১৬৫০.১৮ মিটার
2) ১৭৫০.১৮ মিটার
3) ১৯৫৩.১৮ মিটার
✔ 4) ১৮৫৩.১৮ মিটার

**ব্যাখ্যা :** নটিক্যাল মাইল নৌপথ ও আকাশপথের দৈর্ঘ্য নির্ণয়ে ব্যবহৃত পরিমাপের একক। ১ নটিক্যাল মাইল সমান ১৮৫৩ মিটার বা ৬০৭৬,০১ ফুট।

63) জায়া শব্দের সমার্থক শব্দ কোনটি?

1) ভগিনী
✔ 2) অর্ধাঙ্গী
3) কন্যা
4) নন্দিনী

**ব্যাখ্যা :** 'জায়া' শব্দের সমার্থক শব্দ 'অর্ধাঙ্গী' । এরুপ - ভার্যা , পত্নী , বধূ, বউ , গৃহিনী , গিন্নি, ঘরণি, বিবি, বেগম , পরিবার। কন্যার সমার্থক শব্দ নন্দিনী , মেয়ে , তনয়া, দুহিতা, ঝি , বেটি । 'ভগিনী' শব্দে সমার্থক হলো বোন।

64) $x > y$ এবং $z < 0$ হলে, নিচের কোনটি সঠিক?

1) $x/z > y/z$
✔ 2) $zx < yz$
3) $xz > yz$
4) $z/x < z/y$

**ব্যাখ্যা :**
$x>y$ এবং $z<0$ অর্থাৎ $z$ ঋণাত্মক সংখ্যা।
ঋণাত্মক সংখ্যা দ্বারা অসমতাকে গুণ করা হলে তার চিহ্ন উল্টে যায়।
$\therefore xz>yz$ অসমতাটি সঠিক।

65) কোন বিরাম চিহ্নের বিরতি কাল নেই?

1) কোলন
2) ড্যাস
3) কমা
✔ 4) হাইফেন

**ব্যাখ্যা :** 'হাইফেন' বিরাম চিহ্নের বিরতিকাল নেই। কারণ হাইফেনে থামার প্রয়োজন হয় না। কিন্তু কমা, সেমিকোলন ও কোলনে থামার প্রয়োজন হয় । কমায় থামতে হয় - এক বলতে যে সময় প্রয়োজন। সেমিকোলনে থামতে হয় - ১ বলার দ্বিগুণ সময় । কোলনে থামতে হয় - এক সেকেন্ড হয়।

Hello BCS

66) The synonym of the word 'huge' is-

1) momentary
2) sanctified
3) tiny
✔ 4) colossal

ব্যাখ্যা : momentary=ক্ষণস্থায়ী
sanctified=পবিত্র
tiny=ক্ষুদ্র
colossal=বিশাল
huge=বিশাল

67) কেটলিতে পানি টগবগ করছে।

✔ 1) The water is simmering in the kettle.
2) The water is boiling in the kettle.
3) The kettle is over flowing.
4) The water is rising high in the kettle

ব্যাখ্যা : Simmer (v) অর্থ টগবগ করে ফোটা বা সিদ্ধ হওয়া।

68) $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশিটির একটি উৎপাদক হলো -

1) x + 2
2) x - 2
3) x - 1
✔ 4) x + 1

ব্যাখ্যা : ধরি,
$f(x) = 3x^3 + 2x^2 - 21x - 20$
$f(-1) = 3.(-1)^3 + 2.(-1)^2 - 21.(-1) - 20$
$= -3 + 2 + 21 - 20$
$= 0$
x = -1 হলে রাশিটির মান শূন্য হয়।
∴ (x + 1), f(x) এর একটি উৎপাদক।

এখন,
$3x^3 + 2x^2 - 21x - 20$
$= 3x^3 + 3x^2 - x^2 - x - 20x - 20$
$= 3x^2(x + 1) - x(x + 1) - 20(x + 1)$
$= (x + 1)(3x^2 - x - 20)$

Hello BCS

69) ট্রেনটি ঢাকা যাবে।

1) The train is leaving for Dhaka.
2) The train will go to Dhaka
3) The train is going to Dhaka.
✔ 4) The train is bound for Dhaka.

**ব্যাখ্যা :** Be bound for অর্থ কোনো স্থানে গমনরত বা ভবিষ্যতে কোনো স্থানে গমনে প্রস্তুত।

70) কিসের অভাবে গলগন্ড রোগ হয়?

1) ভিটামিন সি
✔ 2) আয়োডিন
3) ভিটামিন এ
4) ভিটামিন ডি

**ব্যাখ্যা :** গলগণ্ড রোগ হয় আয়োডিনের অভাবে। ভিটামিনের অভাবে বিভিন্ন প্রকার রোগ হয়। যেমন - রাতকানা (ভিটামিন - A) বেরিবেরি (ভিটামিন - B1) , পেলেগ্রা (ভিটামিন - B3) , স্বার্ভি (ভিটামিন - C) , রিকেট (ভিটামিন - D) প্রজনন ক্ষমতা হ্রাস (ভিটামিন - E) ও অধিক রক্তক্ষরণ (ভিটামিন - K) ।

71) বাংলাদেশকে স্বীকৃতি দানকারী দ্বিতীয় দেশ কোনটি?

1) চীন
2) রাশিয়া
3) নেপাল
✔ 4) ভারত

**ব্যাখ্যা :** দক্ষিণ এশিয়ার দুটি প্রতিবেশি দেশ ভুটান ও ভারত ১৯৭১ খ্রিষ্টাব্দের ৬ ডিসেম্বর বাংলাদেশকে স্বাধীন এবং সার্বভৌম রাষ্ট্র হিসেবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান করে। দুটো দেশ একই দিন বাংলাদেশকে স্বীকৃতি দেয়ায় একটি বিষয় প্রায়শ বিতর্কে এসে যায়, কোন দেশটি বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দিয়েছে - ভুটান না ভারত? পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা যায়, ১৯৭১ খ্রিষ্টাব্দের ৬ ডিসেম্বর বাংলাদেশকে ভুটানের স্বীকৃতি প্রদানের আনুষ্ঠানিক খবর তারবার্তার মাধ্যমে মুজিবনগর সরকারের কাছে পৌঁছার কয়েক ঘণ্টা পর আর একটি তারবার্তার মাধ্যমে ভারত, বাংলাদেশকে দ্বিতীয় রাষ্ট্র হিসেবে স্বীকৃতি প্রদান করে। বিভিন্ন তথ্য ও দাপ্তরিক প্রমাণক হতে জানা যায়, ভুটান ১৯৭১ খ্রিষ্টাব্দের ৬ই ডিসেম্বর অনুমান সকাল দশ ঘটিকায় এবং ভারত ১৯৭১ খ্রিষ্টাব্দের ৬ ডিসেম্বর সকাল অনুমান ১১.০০ - ১১.৩০ ঘটিকায় বাংলাদেশকে তারবার্তার মাধ্যমে স্বীকৃতি প্রদানের বিষয়টি আনুষ্ঠানিকভাবে অবগত করায়।

72) মালেশিয়ার মুদ্রার নাম কি?

1) বাথ
✔ 2) রিংগিত
3) পেসো

Hello BCS

4) ইয়েন

**ব্যাখ্যা :** মালয়েশিয়ার মুদ্রার নাম - রিংগিট।
থাইল্যান্ডের মুদ্রার নাম - বাথ।
তুরস্কের মুদ্রার নাম - লিরা।
আর্জেন্টিনা, কিউবা, উরুগুয়ে, ফিলিপাইনের মুদ্রার নাম - পেসো।

73) (a-b)/ab + (b-c)/bc + (c-a)/ca এর মান-

1) 2
2) -1
✔ 3) 0
4) 1

**ব্যাখ্যা :** সরল সমাধান করলে, (a-b)/ab + (b-c)/bc + (c-a)/ca এর মান হয় ০
=(a-b)/ab + (b-c)/bc + (c-a)/ca
=(c(a-b)+a (b-c) + b(c-a))/abc
=(ac-bc+ab-ac+bc-ab)/abc
=0/abc
=0

74) ত্রিভুজের তিনটি বাহুকে চক্রাকারে বর্ধিত করলে উতপন্ন বহিঃস্থ কোণ তিনটির যোগফল

1) 270°
2) 180°
✔ 3) 360°
4) 150°

**ব্যাখ্যা :** আমরা জানি, যে কোন ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০
অর্থাৎ, x + y + z = ১৮০
আবার, এক সরল কোণ = ১৮০
ববহিঃস্থ কোন তিনটির যোগফল
= (১৮০ - x) + ( ১৮০ - y ) + ( ১৮০ - z )
= ৫৪০ - ( x + y + z )
= ৫৪০ - ১৮০
= ৩৬০

75) There is ____ milk in the bottle.

✔ 1) very little
2) any
3) very few

Hello BCS

4) many

ব্যাখ্যা : Uncountable noun - এর পূর্বে determiner হিসেবে little এবং Countable noun - এর পূর্বে few ,any, many ব্যবহৃত হয়।

76) আবির্ভাব এর বিপরীত শব্দ কোনটি?

1) অভাব
2) অনুভাব
✔ 3) তিরোভাব
4) স্বভাব

ব্যাখ্যা : আর্বিভাব এর বিপরীত শব্দ তিরোভাব।

77) a : b = 4 : 5 এবং b : c = 6 : 7 হলে, a : b : c = ?

1) 42 : 35 : 20
2) 35 : 30 : 24
3) 20 : 35 : 42
✔ 4) 24 : 30 : 35

ব্যাখ্যা : a : b = 4 : 5
=24:30
b:c=6:7
= 30:35
so, a:b:c= 24:30:35

Hello BCS

78) I know him better than you.(positive)

1) You do not know him as good as I know
2) You do not know him as well
3) You do not know him as good?
✔ 4) You do not know him as well as I.

ব্যাখ্যা : Good/ well - এর comparative and superlative degree যথাক্রমে better and best । প্রশ্নোক্ত বাক্যটির অর্থ " তোমার চেয়ে আমি তাকে ভালোভাবে চিনি"। এ বাক্যটির ' positive হবে' তুমি তাকে তত ভালো চিনো না যত ভালো আমি চিনি। সঠিক উত্তর (খ)।

79) বাংলাদেশের রুটির ঝুড়ি বলা হয় কোন জেলাকে?

✔ 1) দিনাজপুর
2) রাজশাহী
3) খুলনা

4) বরিশাল

**ব্যাখ্যা :** দিনাজপুর জেলাকে বাংলাদেশের রুটির ঝুড়ি বলা হয়। গম উৎপাদনে একেক বছর একেক জেলা শীর্ষে থাকলেও তাদের রুটির ঝুড়ি বলা হয় না,সার্বিকভাবে গমসহ অন্যন্য ফসলের ভালো ফলন হওয়ায় দিনাজপুরকেই বাংলাদেশের রুটির ঝুড়ি বলা হয়।

80) বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন কে?

✔ 1) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
2) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
3) রবীন্দ্রনাথ ঠাকুর
4) প্যারিচাঁদ মিত্র

**ব্যাখ্যা :** বাংলা ভাষায় যতি চিহ্ন প্রচলন করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (২৬ সেপ্টেম্বর ১৮২০ – ২৯ জুলাই ১৮৯১) উনবিংশ শতকের একজন বিশিষ্ট বাঙালি শিক্ষাবিদ, সমাজ সংস্কারক ও গদ্যকার। তাঁর প্রকৃত নাম ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়। সংস্কৃত ভাষা ও সাহিত্যে অগাধ পাণ্ডিত্যের জন্য প্রথম জীবনেই তিনি বিদ্যাসাগর উপাধি লাভ করেন। তার প্রথম প্রকাশিত গ্রন্থ বেতাল পঞ্চবিংশতি। এ গ্রন্থে তিনি জ্যোতিবা বিরাম চিহ্নের সফল ব্যবহার করেন।

81) টেস্ট ক্রিকেটের দ্রুততম সেঞ্চুরি করেন কে?

✔ 1) ব্রেন্ডন ম্যাককালাম
2) শেন ওয়াটসন
3) রস টেইলর
4) নাদান ম্যাককালাম

**ব্যাখ্যা :** শততম ও নিজের বিদায়ী টেস্টে নিউজিল্যান্ডের টেস্ট অধিনায়ক ব্রেন্ডান ম্যাককালাম অস্ট্রেলিয়ার বিপক্ষে টেস্ট ক্রিকেটের ইতিহাসের দ্রুততম সেঞ্চুরি তুলে নেন। মাত্র ৫৪ বলে ১৬ চার আর ৪ ছয়ে এই রেকর্ড গড়েন কিউই এই অধিনায়ক। এর আগে টেস্ট ক্রিকেটের ইতিহাসে দ্রুততম সেঞ্চুরি ছিল ৫৬ বলে। আর সেটার মালিক ছিলেন পাকিস্তানের অধিনায়ক মিসবাহ - উল - হক ও ভিভ রিচার্ডস।

82) $x - 1/x = 3$ হলে, $(x^4 + 1)/x^2$ এর মান –

1) 9
✔ 2) 11
3) 10
4) 7

Hello BCS

**ব্যাখ্যা :** $(x^4+1)/x^2$
or, $x^2+1/x^2$
or, $(x-1/x)^2+2.x.1/x$
or, $(3)^2+2$
or, 9+2=11 or,

83) I am sure he (pass) the examination.

1) will be passed
2) pass
✔ 3) will pass
4) passed

**ব্যাখ্যা :** আমি নিশ্চিত সে পরীক্ষায় পাশ করবে, Future tense বুঝাতে will pass হবে ।

84) Walk carefully lest___.

1) you would have fallen
2) you might lose the way
✔ 3) you should stumble
4) you will fall

**ব্যাখ্যা :** বাক্যের প্রথম অংশ lest ব্যবহৃত হলে পরবর্তী অংশে Subject - এর পর should + v1 ব্যবহৃত হয় ।

Hello BCS

85) ABCD সামান্তরিকের AB = 12 সে.মি এবং D বিন্দু থেকে AB এর লম্ব-দূরত্ব 6 সে.মি ।সামন্তরিকের ক্ষেত্রফল –

1) ১৮ বর্গ সে.মি
✔ 2) ৭২ বর্গ সে.মি
3) ৩৬ বর্গ সে.মি
4) ১৪৪ বর্গ সে.মি

**ব্যাখ্যা :** সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি ×উচ্চতা বর্গ একক
= ১২×৬ বর্গ সেমি
=৭২ বর্গ সে.মি

86) বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেন কে?

1) সম্রাট শাজাহান
2) সম্রাট জাহাঙ্গীর
3) সম্রাট শেরশাহ
✔ 4) সম্রাট আকবর

**ব্যাখ্যা :** কৃষিকাজের সুবিধার জন্য মোগল সম্রাট আকবর ১৫৮৪ সালে বাংলা সন প্রবর্তন করেন। ৫ নভেম্বর ১৫৫৬ তার সিংহাসন আরোহনের দিন হতে তা কার্যকর হয়।

87) The verb of the word 'beautiful' is-

1) beautification
2) beauty
✔ 3) beautify
4) beautifully

**ব্যাখ্যা :** The verb of the word 'beautiful' is beautify.
The word "beauty" is a noun
The word "beautifully" is an adverb
The word "beautification" is a noun.

88) ৩ বছর পূর্বে মা এবং মেয়ের বয়স যথাক্রমে ২৭ বছর ও ২ বছর ছিল। ৫ বছর পর তাদের বয়সের অনুপাত –

1) ২৭ : ২
2) ৩ : ২
✔ 3) ৭ : ২
4) ২৭ : ৫

**ব্যাখ্যা :** মায়ের বর্তমান বয়স (২৭ + ৩) বা ৩০ বছর
মেয়ের " " (২ + ৩) বা ৫ "
∴ ৫ বছর পর তাদের বয়সের অনুপাত (৩০ + ৫) : ( ৫ + ৫)
= ৩৫ :১০ = ৭ :২

Hello BCS

89) Today the world is passing through____ Juncture

1) a lot of
2) limited
✔ 3) critical
4) minimum

**ব্যাখ্যা :** Critical Juncture - মানে সংকটময় মুহূর্ত বা কঠিন সন্ধিক্ষণ। বাক্যটির অর্থ - 'বিশ্ব আজ এক কঠিন সময় পার করছে। উল্লেখ্য critical শব্দটির পূর্বে article 'a' প্রয়োজন ছিল।

90) সৌম্য শব্দের বিপরীত শব্দ কোনটি?

✔ 1) উগ্র
2) সুন্দর
3) কৃষ্ণ

4) শান্ত

**ব্যাখ্যা :** সৌম্য এর বিপরীত শব্দ হলো - উগ্র। শান্ত এর বিপরীত শব্দ হলো - অশান্ত। সুন্দর এর বিপরীত শব্দ হলো-কুৎসিত।

91) দুহিতার বিপরীত শব্দ কোনটি?

✔ 1) পুত্র
2) কন্যা
3) জায়া
4) স্বামী

**ব্যাখ্যা :** 'দুহিতা' -এর বিপরীত শব্দ 'পুত্র' । 'স্ত্রী' শব্দের বিপরীত হলো স্বামী । আর 'কণ্যা' শব্দের প্রতিশব্দ হলো দুহিতা, আত্মজা, তনয়া, সুতা, নন্দিনী , মেয়ে।

92) হিউম্যান পেপিলোমা কি?

✔ 1) ভাইরাস
2) মিউকাস
3) ব্যাক্টেরিয়া
4) ছত্রাক

**ব্যাখ্যা :** হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (HPV) ইনফেকশন একটি সাধারণ যৌনবাহিত সংক্রমণগুলির মধ্যে একটি ভাইরাল ইনফেকশন, যা মূলত ত্বকের সঙ্গে ত্বকের যোগাযোগের কারণে হয়। বেশিরভাগ সময় যৌন মিলনের কারণে ঘটে। তাই, এই ভাইরাস সংক্রমণ হয় যৌনসঙ্গীর থেকে। বেশিরভাগ মানুষই এই ভাইরাস সংক্রমণের তীব্র ঝুঁকিতে থাকে।

93) নিচের কোনটি শুদ্ধ বানান?

1) ন্যুনতম
✔ 2) ন্যূনতম
3) নূন্যতম
4) নুন্যতম

**ব্যাখ্যা :** ন্যূনতম (বিশেষণ) অর্থ : যতটা কম হওয়া সম্ভব হয় বা যতটা কম হতে পারে উদাহরণ : সূর্য পৃথিবী থেকে ন্যূনতম দূরত্বে অবস্থিত।

94) People (talk) his courage even after his death.

1) will talk
✔ 2) talk of
3) talk
4) talks of

Hello BCS

**ব্যাখ্যা :** Talk of কার ও বা কোনোকিছু সম্পর্কে কথা বলা । People সর্বদা Plural number তাই talk - এর সাথে s বা es হবে না।

95) 'পাপে বিরত থাকো'-কোন কারকে কোন বিভক্তি?

1) অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
✔ 2) অপাদান কারকে সপ্তমী বিভক্তি
3) কর্ম কারকে সপ্তমী বিভক্তি
4) করণ কারকে সপ্তমী বিভক্তি

**ব্যাখ্যা :** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ ও রক্ষিত এবং যা দেখে কেউ বীত হয় তাকে অপাদান কারক বলে। যেমন - পাপে বিরত হও। অপাদান কারকে সপ্তমী বিভক্তি।

96) আরেক ফাল্গুন গ্রন্থটির রচয়িতা কে?

1) হুমায়ুন আজাদ
✔ 2) জহির রায়হান
3) সুফিয়া কামাল
4) হুমায়ুন আহমেদ

**ব্যাখ্যা :** বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন ও ১৯৫৫ সালে ২১ ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতায় জহির রায়হান আরেক ফাল্গুন (১৯৬৮) উপন্যাস রচনা করেন।

97) কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?

1) আজিজুর রহমান
2) মিজানুর রহমান
✔ 3) হামিদুর রহমান
4) নিতুন কুণ্ড

**ব্যাখ্যা :** বাংলাদেশের বিখ্যাত চিত্রশিল্পী হামিদুর রহমান মহান ভাষা আন্দোলনের স্মৃতিবিজড়িত শহীদ মিনারের স্থপতি হিসেবে চিহ্নিত হয়ে আছেন। তারই রূপকল্পনায় ছিল স্নেহময়ী আনত মস্তক মাতার প্রতীক হিসেবে মধ্যস্থলে সুউচ্চ কাঠামো, এবং দুই পাশে সন্তানের প্রতীক স্বরূপ হ্রস্বতর দুটি করে কাঠামো।

98) একটি সংখ্যার ৫ গুণের সাথে তার বর্গ বিয়োগ করলে এবং ৬ বিয়োগ করলে যোগফল শূন্য হয়। সংখ্যাটি –

1) ৪ অথবা ৫
✔ 2) ২ অথবা ৩
3) ১ অথবা ২
4) ৩ অথবা ৪

**ব্যাখ্যা :** ধরি, সংখ্যাটি x
তাহলে,

Hello BCS

৫x -x $^2$-৬=০
বা, -(x $^2$-৫x+৬)=০
বা, x $^2$-৩x-২x+৬=০
বা x (x -৩)-২(x -৩)
বা, (x -৩) (x -২)

99) মৌমাছি কোন সমাস?

1) দ্বিগু সমাস
2) বহুব্রীহী সমাস
✔ 3) কর্মধারয় সমাস
4) অব্যয়ীভাব সমাস

**ব্যাখ্যা :** 'মৌমাছি' কর্মধারয় সমাস। এটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস। মৌ (মধু) আশ্রিত মাছি। এরূপ - ঘর জামাই। বহুব্রীহি সমাস - নদী মাতা যার = নদীমাতৃক । দ্বিগু সমাস - ত্রি কালের সমাহার = ত্রিকাল। অব্যয়ীভাব সমাস - কণ্ঠের সমীপে = উপকণ্ঠ।

100) বাংলাদেশের সাথে কয়টি দেশের আন্তর্জাতিক সীমান্ত রয়েছে?

1) ১টি
✔ 2) ২টি
3) ৪টি
4) ৩টি

**ব্যাখ্যা : বাংলাদেশের সাথে ২টি দেশের আন্তর্জাতিক সীমান্ত রয়েছে।**
- একটি ভারত এবং অপরটি মিয়ানমার।
- ভারত ও মিয়ানমার উভয় দেশের সাথে বাংলাদেশের ৩২টি জেলার সীমান্ত রয়েছে।
- ভারতের সাথে ৩০টি এবং মিয়ানমারের সাথে ৩টি।
- ভারত ও মিয়ানমার উভয় দেশের সীমান্তবর্তী বাংলাদেশের একমাত্র জেলা রাঙামাটি।

উৎসঃ বর্ডার গার্ড বাংলাদেশ এর ওয়েবসাইট।

Hello BCS